



ইনকিলাব : জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে গতকাল বিভিন্ন দাবীতে শিক্ষার্থীদের বিক্ষোভ মিছিল।

দুনীতি ও অনিয়মের অভিযোগ জবি ভিসির পদত্যাগের দাবিতে শিক্ষার্থীদের বিক্ষোভ

জবি রিপোর্টার : জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. মেজবাহউদ্দিন আহমেদের দুনীতি, অনিয়মের অভিযোগ তদন্ত ও তার পদত্যাগের দাবিতে বিশ্ববিদ্যালয়ে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করেছে শিক্ষার্থীরা। গতকাল (মঙ্গলবার) সকাল সাড়ে ১০টায় প্রগতিশীল ছাত্র জোটভুক্ত সংগঠনগুলোসহ সাধারণ শিক্ষার্থীরা এ বিক্ষোভ মিছিল বের করে। ভিসি দুনীতি তদন্ত ও পদত্যাগের দাবিতে বিশ্ববিদ্যালয়ের ডাক্তার চত্বর থেকে সকাল সাড়ে ১০টার দিকে মিছিল বের করে ছাত্র ইউনিয়ন, ছাত্র ফ্রন্ট ও ছাত্র ফেডারেশনসহ ছাত্র সংগঠনগুলো। সাধারণ শিক্ষার্থীরাও তাদের সাথে একত্ৰা প্রকাশ করে বিক্ষোভ মিছিলে অংশগ্রহণ নেয়। বিক্ষোভ মিছিলটি কলা ভবনের দিকে পৌছলে ছাত্রলীগ নেতাকর্মীরা প্রথমে বাধা প্রদান করে পরে যদিও তাহাও বিক্ষোভ মিছিলে অংশগ্রহণ করে। মিছিলটি ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে ডাক্তার চত্বরে এসে সঞ্চিত সমাবেশ করে। সমাবেশে বক্তব্য রাখেন, বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি এফ এম শরিফুল ইসলামসহ প্রগতিশীল ছাত্রজোটের নেতারা। সমাবেশে বক্তারা বলেন, ভিসি বিরুদ্ধে দুনীতি ও বিভিন্ন অনিয়মের সুদৃষ্ট তদন্ত ও তার পদত্যাগ দাবি করেন তা না হলে মনের পর সাধারণ শিক্ষার্থীদের সাথে নিয়ে গুঁত্র আন্দোলন ঘোষণা করবে বলে জানান নেতৃবৃন্দ। একই সাথে ছাত্রীহল নির্মাণ ও বেদবল হলগুলো উদ্ধারের দাবি জানানো হয়। সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মো. শরিফুল চৌধুরী বলেন, ছাত্রদের উন্নয়ন ও অবকাঠামো উন্নয়নের জন্য বরাদ্দকৃত একশ কোটি টাকা নিয়ে তিনি গাড়ি কিনেছেন। কোন যুক্তিতে তিনি এ ধরনের কর্তব্যচ্যুত হয়ে যাচ্ছেন তা বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনকে (ইউজিসি) সুদৃষ্ট তদন্ত সাপেক্ষে ব্যবস্থা নেয়ার দাবি জানাচ্ছি। উল্লেখ্য, গতকাল একটি জাতীয় দৈনিকে 'উপাচার্যের বিলাসবহুল গাড়ি, অর্থভ্রাতা' রিপোর্ট প্রকাশ হলে সকাল থেকে শিক্ষার্থীরা ক্যাম্পাসের ডাক্তার চত্বরে জড়ো হতে থাকে এবং বিভিন্ন ফেস্টুন নিয়ে বিক্ষোভ মিছিল শুরু করে। এদিকে এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশিত সংবাদে প্রতিবাদ জানিয়েছেন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।